ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স.-২৫২৬

সোনামুড়া, ২৬ আগস্ট, ২০২৫

**আমার সরকার পোর্টালের বিশেষ প্রচারে অংশ নিলেন উচ্চশিক্ষামন্ত্রী**

নলছড় ব্লকের ২১টি গ্রাম পঞ্চায়েত এবং ৪টি এডিসি ভিলেজ এলাকায় গতকাল ‘আমার সরকার’ এর বিষয়ে বিশেষ প্রচার চালানো হয়। তকসাপাড়া এডিসি ভিলেজ এলাকাতে এই বিশেষ কর্মসূচিতে অংশগ্রহণ করেন রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মণ, পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধিগণও ব্লকস্তরের আধিকারিকগণ। এ উপলক্ষে তকসাপাড়া বাজার শেডে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে নলছড় ব্লকের ২১টি গ্রাম পঞ্চায়েত ও ৪টি এডিসি ভিলেজে বসবাসকারী প্রতিটি ওয়ার্ডের জনগণের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হন পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মণ সহ জনপ্রতিনিধিগণ। তকসাপাড়া এডিসি ভিলেজের প্রতিটি ওয়ার্ডের বাড়ি বাড়ি পদযাত্রা কর্মসূচিতে অংশ নিয়ে পঞ্চায়েত মন্ত্রী শ্রী বর্মণ বলেন, এই কর্মসূচি কেবলমাত্র মানুষের অভাব অভিযোগ ও সমস্যা নথিভুক্ত করার নয়, এটি মানুষের উপর আস্থা তৈরি করার পাশাপাশি সমস্যা সমাধানের পথ নির্দেশ করে। তিনি বলেন, রাজ্য সরকারের এই পদক্ষেপকে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও প্রশংসা করেছেন এবং দেশের অন্য রাজ্যগুলো ও ‘আমার সরকার’ এই বিশেষ প্রচার অভিযান অনুসরণ করছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্থানীয় ভিলেজ কমিটির চেয়ারম্যানগণ, নলছড় ব্লকের বিডিও সুরঞ্জিত সরকার এবং সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণ। উল্লেখ্য, এদিন নলছড় ব্লক এলাকার ২১টি পঞ্চায়েত ও ৪টি এডিসি ভিলেজে বসবাসরত প্রায় ২,৫০০টি পরিবারের অভিযোগ এবং পরিষেবার ঘাটতি ইত্যাদি সমস্যাগুলো নথিভুক্ত করে তা ‘আমার সরকার’ পোর্টালে আপলোড করেন ব্লকস্তর, পঞ্চায়েত স্তরের কর্মকর্তাগণ এবং নির্বাচিত পঞ্চায়েতের প্রতিনিধিগণ।

*******